

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯১২

كتاب المناسك) وهم /ها

পরিচ্ছেদঃ ১৯/১২. হায়েয ও নিফাসগ্রস্ত মহিলারা হজ্জের জন্য ইহরাম বাঁধলে

بَابِ النُّفَسَاءِ وَالْحَائِضِ تُهِلُّ بِالْحَجّ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا خَالِدُ بْنُ مَخْلَد، عَنْ سُلَيْمَانَ بْنِ بِلاّلٍ، حَدَّثَا يَحْيَى بْنُ سَعِيد، أَنَّهُ سَمِعَ الْقَاسِمَ بْنَ مُحَمَّد، يُحَدِّثُ عَنْ أَبِيهِ، عَنْ أَبِي بَكْرٍ، أَنَّهُ خَرَجَ حَاجًا مَعَ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَمَعَهُ أَسْمَاءُ بِنْتُ عُمَيْسٍ فَوَلَدَتْ بِالشَّجَرَةِ مُحَمَّدَ بُن أَبِي بَكْرٍ فَأَتَى أَبُو بَكْرٍ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ فَأَخْبَرَهُ فَأَمَرَهُ رَسُولُ اللَّهِ ـ معلى الله عليه وسلم ـ فَأَخْبَرَهُ فَأَمَرَهُ رَسُولُ اللَّهِ ـ على الله عليه وسلم ـ فَأَخْبَرَهُ فَأَمَرَهُ رَسُولُ اللَّهِ ـ عملى الله عليه وسلم ـ أَنْ يَأْمُرَهَا أَنْ تَغْتَسِلَ ثُمَّ تُهِلَّ بِالْحَجِّ وَتَصْنَعَ مَا يَصِنْنَعُ النَّاسُ إِلاَّ عَلَى الله عليه وسلم ـ أَنْ يَأْمُرَهَا أَنْ تَغْتَسِلَ ثُمَّ تُهِلَّ بِالْحَجِّ وَتَصِنْنَعَ مَا يَصِنْنَعُ النَّاسُ إِلاَّ اللهَ عَلَيه وسلم ـ أَنْ يَأْمُرَهَا أَنْ تَغْتَسِلَ ثُمَّ تُهِلَّ بِالْحَجِّ وَتَصِنْنَعَ مَا يَصِنْنَعُ النَّاسُ إِلاَّ الله عليه وسلم ـ أَنْ يَأْمُرَهَا أَنْ تَغْتَسِلَ ثُمَّ تُهِلِّ بِالْحَجِّ وَتَصِنْنَعَ مَا يَصِنْنَعُ النَّاسُ إِلاَّ اللهُ عَلَيه وسلم ـ أَنْ يَأْمُرَهَا أَنْ تَغْتَسِلَ ثُمَّ تُهِلِ الْمَحِ وَتَصِنْنَعُ مَا يَصِنْنَعُ النَّاسُ إِلاَّ اللهُ عَلَيْهُ لَا تَطُوفُ بِالْبَيْتِ .

বাংলা

২/২৯১২। আবৃ বকর (রাঃ) থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে হজ্জের উদ্দেশ্যে রওয়ানা হলেন। তাঁর সাথে (তাঁর স্ত্রী) উমাইস-কন্যা আসমা (রাঃ)-ও ছিলেন। তিনি শাজারা নামক স্থানে মুহাম্মাদ ইবনে আবৃ বকর-কে প্রসব করলেন। আবৃ বকর (রাঃ) নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে তাঁকে এ সম্পর্কে অবহিত করেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দেন যে, তিনি যেন তাকে গোসল করার পর হজ্জের ইহরাম বাঁধার এবং লোকেদের অনুরূপ অনুষ্ঠানাদি পালনের নির্দেশ দেন, কিন্তু সে বায়তুল্লাহ তাওয়াফ করবে না।

English

It was narrated from Abu Bakr that he went out for Hajj with the Messenger of Allah (ﷺ), and Asma' bint 'Umais was with him. She gave birth, at Shajarah, to Muhammad bin Abu Bakr. Abu Bakr came to the Prophet (ﷺ) and told him about that, and the Messenger of Allah (ﷺ) told him to tell her to take a bath, then begin the Talbiyah for Hajj, and to do everything that



the people did, apart from circumambulating the House (Tawaf).

ফুটনোট

নাসায়ী ২৬৬৪, সহীহ আবু দাউদ ১৫৩১।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী খালিদ বিন মাখলাদ আল-কাতওয়ানী সম্পর্কে আবু আহমাদ বিন আলী আল জুরজানী বলেন, ইনশাআল্লাহ্ আমার আমার নিকট তার ব্যাপারে কোন সমস্যা নেই। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীলযোগ্য নয়। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে শীয়া মতাবলম্বী। ইমাম যাহাবী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তা দলীল হিসেবে গ্রহণযোগ্য হবে না। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৬৫২, ৮/১৬৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু বকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন